সংবাদ বিজ্ঞপ্তি

# সেবা খাতে দুর্নীতি বিষয়ক জাতীয় খানা জরিপের প্রশ্নমালা ও উত্তরদাতাদের প্রদত্ত তথ্য সুপ্রিম কোর্টে পাঠিয়েছে টিআইবি

**ঢাকা, মঙ্গলবার, ৪ জানুয়ারি ২০১১:** সেবা খাতে জাতীয় খানা জরিপ ২০১০ এর সম্পর্কে সুপ্রিম কোর্টের ২ জানুয়ারি ২০১১ তারিখের চিঠির প্রেক্ষিতে আজ জরিপের প্রশ্নপত্রের একটি নমুনা এবং খানা কর্তৃক প্রদত্ত বিচার বিভাগ সম্পর্কিত সকল উত্তর (raw data) সম্বলিত একটি সিডি'র কপি টিআইবি'র পক্ষ থেকে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে হস্তান্তর করা হয়েছে। পর্যবেক্ষনের সুবিধার্থে তথ্যগুলো EXCEL, STATA এবং SPSS এই তিনটি পদ্ধতিতে প্রদান করা হয়েছে।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান জরিপ সম্পর্কে সুপ্রিমকোর্টের এই তথ্যের চাহিদাকে স্বাগত জানিয়ে বলেন: "জরিপের প্রতিবেদনে উপস্থাপিত তথ্য-উপাত্ত ও বিশ্লেষণকে আদালতের নিকট হস্তান্তরিত প্রশ্নমালা ও খানা কর্তৃক প্রদত্ত উত্তরের সাথে জরিপ ও সামাজিক বিজ্ঞান গবেষণার সর্বোত্তম পদ্ধতি অনুযায়ী বিশ্লেষণ করলে জরিপের বৈজ্ঞানিক মান, পদ্ধতিগত উৎকর্ষতা ও সর্বোচ্চ নির্ভরযোগ্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত হবে। "

তিনি বলেন: "নমুনায়নের যে ডিজাইন অনুযায়ী জরিপ পরিচালনা হয়েছে তার আলোকে সকল প্যারামিটারের সঠিক ব্যবহার সাপেক্ষে পর্যালোচনা করলে টিআইবি'র প্রতিবেদনের যথার্থতা প্রতীয়মান হবে এবং একইসাথে কোন প্রকার অস্পষ্টতা ও অসম্পূর্ণতার ধারণা দূরীভুত হবে।" টিআইবি আশা করে যে জরিপে প্রাপ্ত ফলাফল ও উপস্থাপিত সুপারিশমালা সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ কর্তৃক গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

জরিপ বিজ্ঞানের জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিয়ম অনুযায়ী তথ্যদাতার নাম ও পরিচয় প্রকাশযোগ্য নয় বিধায় তা প্রদান করা হয়নি। তাছাড়া বিচার বিভাগ থেকে এরূপ তথ্য চাওয়াও হয়নি।

উল্লেখ্য, জরিপে বিচার ব্যবস্থা সম্পর্কিত মোট ৭টি প্রশ্ন সন্নিবেশিত ছিল। যাদের সেবা নিতে হয়েছে শুধুমাত্র তাদের নিকট থেকে মামলার ধরন, আদালতের স্তর, দুর্নীতি ও হয়রানির প্রকৃতি, ঘুষ আদায়, তার কারণ ও পরিমান ইত্যাদি তথ্য সংগ্রহ করা হয়েছে।

ইফতেখারুজ্জামান বলেন, টিআইবি'র এই গবেষণার উদ্দেশ্য কোন ব্যক্তিবিশেষের প্রতি অঙ্গুলি নির্দেশ না করে সমস্যার ব্যাপকতা ও গভীরতার পরিমাপ করা, জনগণের পক্ষ হয়ে প্রতিকারের চাহিদা সৃষ্টি করা এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সুপারিশ প্রদান করা।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২